

জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির বিশেষ সভা এবং বিশেষ বর্ধিত সভার কার্যবিবরণী

গত ২২-৮-৯৪ ইং ও ৩-৯-৯৪ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ডঃ এম এস ইউ চৌধুরী, চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এবং নির্বাহী সহ-সভাপতি, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ এর সভাপতিত্বে বিএআরসি সম্মেলন কক্ষে যথাক্রমে কারিগরি কমিটির বিশেষ সভা এবং বর্ধিত সভা অনুষ্ঠিত হয়।

কারিগরি কমিটির উপস্থিত সদস্যগণের তালিকা যথাক্রমে পরিশিষ্ট 'ক' ও 'খ' এ দেয়া হলো। সভায় আলোচিত বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে উল্লেখ করা হলো।

আলোচ্য বিষয় : বিদেশী আলুর জাত ছাড়করণের উপর পেশকৃত সুপারিশমালার আলোকে সিদ্ধান্ত গ্রহণ।

আলোচনা : কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ডের ২৪তম (২৫-৮-৯৩ইং অনুষ্ঠিত) সভায় আলুর জাত রিলিজ করার প্রক্রিয়া সংক্ষিপ্তকরণের প্রস্তাব নিয়ে দীর্ঘ আলোচনা হয়। তৎপর বিষয়টি গত ২৬-১০-৯৩ইং তারিখে জাতীয় বীজ বোর্ডের সভায় আলোচনা হয় এবং সিদ্ধান্ত হয় যে "আলুর জাত ছাড়করণের জন্য প্রস্তাবিত সংক্ষিপ্ত পদ্ধতি ও প্রচলিত পদ্ধতির তুলনায় সুবিধাদি ব্যাখ্যাপূর্বক বীজ বোর্ডের বিবেচনার নিমিত্তে সুনির্দিষ্ট সুপারিশ করার জন্য কারিগরি কমিটিকে অনুরোধ করা হলো"। সিদ্ধান্ত মতে ডঃ আবুল কাসেম, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আলু গবেষণা কেন্দ্র, বারি একটি প্রস্তাব তৈরী করে সভায় পেশ করেন এবং এর সুবিধাদি ব্যাখ্যা করেন। দীর্ঘ আলোচনার পর সদস্যগণ মনে করেন যে প্রস্তাবে আলুর জাতের ট্রায়াল ও মূল্যায়ন পদ্ধতির বিস্তারিত বিবরণ এবং প্রস্তাবিত পদ্ধতির সুবিধা উল্লেখপূর্বক প্রস্তাবটি সংশোধন প্রয়োজন। প্রস্তাবিত পদ্ধতিটি ডঃ আবুল কাসেম সংশোধিত আকারে ৩-৯-৯৪ তারিখের বর্ধিত সভায় উপস্থাপন করবেন। অতঃপর বিকাল ১৩.১৫ টায় চেয়ারম্যান মহোদয় সভা মূলতবী ঘোষণা করেন।

৩/৯/৯৪ ইং তারিখ সকাল ১০.০০ টায় বিএআরসি সম্মেলন কক্ষে ডঃ এম এস ইউ চৌধুরী, চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিশেষ বর্ধিত সভা অনুষ্ঠিত হয়। সভায় পূর্বোক্ত দিনের সিদ্ধান্ত অনুযায়ী প্রস্তাবিত পদ্ধতি ও প্রচলিত পদ্ধতির সুবিধা অসুবিধাসহ সংশোধিত আকারে বিদেশী জাতের আলুর ট্রায়াল ও মূল্যায়ন পদ্ধতি আলোচনা হয়। আলোচনাকালে পদ্ধতিটির কিছু কিছু অংশ পরিমার্জন করা হয় এবং নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত :

- ১। বিদেশী আলুর জাতের ছাড়করণের প্রস্তাবিত সংক্ষিপ্ত পদ্ধতিটি আংশিক সংশোধনসহ বিবেচনার জন্য জাতীয় বীজ বোর্ডের নিকট সুপারিশসহ প্রেরণ করা হবে।
- ২। প্রস্তাবটি প্রেরণের পূর্বে ১০/৯/৯৪ তারিখের মধ্যে পরিমার্জন ও পুনঃমুদ্রণ করে ডঃ আবুল কাসেম কারিগরি কমিটির চেয়ারম্যানের নিকট পেশ করবেন এবং চেয়ারম্যান মহোদয় বীজ প্রত্যয়ন এজেন্সী, বিএডিসি, বীজ উইং ও পাট গবেষণা ইনস্টিটিউট এর প্রতিনিধি সহ পরিমার্জিত প্রস্তাবটি নিবিড়ভাবে যাচাই করে দেখবেন।
- ৩। যাচাই এর পর প্রস্তাবিত পদ্ধতিটি কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ডের সদস্য-সচিব এর নিকট জমা দেবেন। তিনি (সদস্য-সচিব) প্রস্তাবটি জাতীয় বীজ বোর্ডের বরাবরে প্রেরণ করবেন।
অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় চেয়ারম্যান মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা-

(মোঃ মোসলেহ উদ্দিন)

সদস্য-সচিব

কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড
ও পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী।

স্বা-

(ডঃ এম এস ইউ চৌধুরী)

চেয়ারম্যান

কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড
ও নির্বাহী সহ-সভাপতি
বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ।

(পরিশিষ্ট-ক)

২২/৮/৯৪ইং তারিখে কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর বিশেষ সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম।

ক্রঃ নং	নাম ও পদবী	প্রতিষ্ঠান
১।	আবদুল মুত্তালিব, সি,এস,ও (ভারপ্রাপ্ত)	বিজেআরআই
২।	মোঃ নাসির উদ্দিন, পরিচালক (গবেষণা) ইনচার্জ	বি আর আর আই
৩।	আবুল কাসেম	বি এ আর আই
৪।	ডঃ মোঃ ইকবাল আকতার	বি এ আর আই
৫।	ডঃ আনোয়ারুল কাদের শেখ	বিনা
৬।	এম.এনামুল হক, অতিরিক্ত পরিচালক	ডি এ ই
৭।	আনোয়ারুল হক, ভি পি	এস,এ,বি
৯।	জি এম মঈনুদ্দীন,	মহাব্যবস্থাপক, (বীজ) বিএডিসি
১০।	ডঃ মোঃ শহিদুল ইসলাম, প্রকল্প পরিচালক (কন্দাল)	বিএআরআই
১১।	মোঃ গোলাম রসুল, সিনিয়র মার্কেটিং অফিসার পক্ষে/-প্রকল্প পরিচালক	তুলা উন্নয়ন বোর্ড

(পরিশিষ্ট-খ)

০৩/৯/৯৪ইং তারিখে অনুষ্ঠিত কমিটি, জাতীয় বীজ বোর্ড এর বিশেষ বর্ধিত সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম।

ক্রঃ নং	নাম ও পদবী	প্রতিষ্ঠানের নাম
১।	মোঃ নাসির উদ্দিন, পরিচালক (গবেষণা) ভারপ্রাপ্ত	বিআরআরআই
২।	এ এফ এম শামছুল ইসলাম, প্রকল্প পরিচালক, (ভারপ্রাপ্ত)	তুলা উন্নয়ন বোর্ড
৩।	আবদুল মুত্তালিব, সিএসও (ভারপ্রাপ্ত)	বিজেআরআই
৪।	আনোয়ারুল কাদের শেখ, পরিচালক	বিনা
৫।	মোঃ মোসলেহ উদ্দিন, অতিঃপরিচালক	এস সিএ
৬।	এ.এইচ. এম দেলওয়ার হোসেন, পিসিএ (গ্রে-১)	এস আর টি আই
৭।	মোঃ শহিদুল ইসলাম, পরিচালক (কন্দাল)	বিএআরআই
৮।	মোঃ নজমুল হুদা, প্রধান বীজতত্ত্ববিদ	কৃষি মন্ত্রণালয়
৯।	মোঃ সাদেক আলী, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা	কান্দল গবেষণা কেন্দ্র
১০।	আনোয়ারুল হক, ভি পি	এস এস বি
১১।	জি.এম.মঈনুদ্দীন	মহাব্যবস্থাপক, (বীজ) বিএডিসি
১২।	এম এ সালাম, যুগ্ম-পরিচালক (মান নিয়ন্ত্রণ)	আলু বীজ, বিএডিসি
১৩।	মোঃ মাহবুবুর রহমান, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা)	বাঃকৃঃ ইনস্টিটিউট